46

দৈনিক ইত্তেফাক

তারিখ ...0.5 SEP. 1995 ..
পৃষ্ঠা ৮ কলাম ৪

## সাক্ষরতা দিবস পালনের কর্মসূচী

ইত্তেফাক রিপোর্ট ।। 'সম্মিলিত সাক্ষরতা অভিযান' গতকাল (মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ৮ই সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালনের কর্মসূচী ঘোষণা করিয়াছে। এই কর্মসূচী অনুযায়ী ঐদিন সকাল ৮ টায় জাতীয় যাদুঘরের সম্মুখ হইতে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বাহির করা হইবে। সম্মিলিত সাক্ষরতা অভিযানের আহ্বায়ক ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দিন সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। ডঃ ফ,র মাহমুদ হাসান, প্রফেসর রোকেয়া রহমান কবির, রাশেদা কে চৌধুরী, তাজুল ইসলাম প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। সাংবাদিক সম্মেলনে বলা হয়, গত ২০ বছরে দেশের প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়িয়াছে। কিন্তু সেই অনুপাতে বিদ্যালরের সংখ্যা এবং শিক্ষক সংখ্যা বাড়ে নাই। এক পরিসংখ্যানে দেখা গিয়াছে যে, বর্তমানে বাংলাদেশে ৫৪ হাজার ২৬৭টি প্রাথমিক বিদ্যালয় আছে। এইসব বিদ্যালয়ে সর্বমোট ২ লক্ষ ৩১ হাজার ১৭৬ জন শিক্ষক কর্মরত আছেন।' ইহার মধ্যে শিক্ষিকার হার ২০ ভাগ।